

বিষয়: সরকারি ও বেসরকারি স্কুল ও দাখিল মাদরাসার ইংরেজি বিষয়ের শিক্ষকগণের জন্য আয়োজিত ৫২তম Communicative English Course (CEC)-এ অংশগ্রহণ

উপর্যুক্ত বিষয়ে তাকে জানানো যাচ্ছে যে, আগামী ০৮ জুন, বুধবার ২০১৬ থেকে ২৮ জুন, মঙ্গলবার ২০১৬ মেয়াদে সরকারি ও বেসরকারি স্কুল ও দাখিল মাদরাসার ইংরেজি বিষয়ের শিক্ষকগণের জন্য আয়োজিত ৫২তম Communicative English Course (CEC) নামেম-এ অনুষ্ঠিত হবে। এ কোর্সে অংশগ্রহণের জন্য তাঁর আওতাধীন জেলাসমূহের প্রত্যন্ত এলাকা থেকে ইংরেজি বিষয়ের ০৫ (পাঁচ) জন প্রশিক্ষার্থী প্রেরণের জন্য অনুরোধ করা হলো। মনোনীত প্রশিক্ষার্থীগণের নাম, পদবী, প্রতিষ্ঠানের নাম এবং তাঁদের ব্যক্তিগত মোবাইল নম্বরসহ তালিকা আগামী ০১ জুন, ২০১৬-এর মধ্যে sma_hannan11@yahoo.com অথবা sahaswapan90@yahoo.com এ প্রেরণ করতে হবে। মনোনয়নের জন্য জেলা শিক্ষা অফিসার কর্তৃক স্কুল/মাদরাসায় প্রেরিত পত্রে নিম্নোক্ত শর্তসমূহ অবশ্যই উল্লেখ করতে হবে:

১. প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণের নির্ধারিত সার্ভিস চার্জ পরিশোধ এক সিট শূন্য থাকা সাপেক্ষে হোস্টেলে অবস্থান করার ব্যবস্থা আছে। ঢাকার বাইরের প্রশিক্ষার্থীগণকে ০৭ জুন ২০১৬ বিকেল ০৫ টার পরে নির্ধারিত হোস্টেলের হোস্টেল সুপারের সাথে যোগাযোগ করে সিট গ্রহণ নিশ্চিত করতে হবে।
২. প্রশিক্ষার্থীগণকে নিজদের খাওয়া ও শিক্ষা সফরের বরচ সঙ্কল্পনের জন্য কমপক্ষে জনপ্রতি ১০,০০০/- (দশ হাজার) টাকা সাথে রাখতে হবে।
৩. সরকারি বিধি মোতাবেক প্রশিক্ষণ সমাপ্তির পর নামেম থেকে অংশগ্রহণকারীর ভ্রমণ ও দৈনিক ভাতা/প্রশিক্ষণ ভাতার চেক পাঠানো হবে।
৪. ইতোপূর্বে নামেম কর্তৃক পরিচালিত Communicative English Course (CEC)/English Language Teaching (ELT) অথবা TQI পরিচালিত ইংরেজি বিষয়ের প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী কোন শিক্ষক এ কোর্সে অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন না।
৫. নামেম গত ০১ বছরের মধ্যে কোন প্রশিক্ষণে অংশগ্রহণ করলে তাঁরা এ প্রশিক্ষণে অংশগ্রহণের অনুমতি পাবেন না।
৬. মনোনীত প্রশিক্ষার্থী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হলে তাঁকে অবশ্যই এমপিও ভুক্ত শিক্ষক হতে হবে।
৭. মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ-এর স্মারক নং মাউশিপ্র/বা-ইউ/৫২৮০, তারিখ: ১০-০১-৯৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫ তারিখ: ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরু দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
৮. প্রশিক্ষার্থীগণকে English for Today (Class VI - X), ০২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, জাতীয় পরিচয়পত্র, বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে মনোনীত শিক্ষকের সর্বশেষ এমপিও-এর কপি-এবং প্রতিষ্ঠানের EIIN নম্বর সম্বলিত প্যাডে ছাড়পত্র আনতে হবে।
৯. প্রশিক্ষণ সম্পর্কিত কোন বিষয় সম্পর্কে জানার প্রয়োজন হলে কোর্স পরিচালক ষপন কুমার সাহা, প্রশিক্ষণ বিশেষজ্ঞ (মোবাইল: ০১৬৭৩৯৯৭৬৫৩) অথবা সমন্বয়ক জনাব সৈয়দ মোঃ আব্দুল হান্নান, টিচার ট্রেনার, (মোবাইল: ০১৭১২১৪০৩৬০)-এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

মনোনীত প্রশিক্ষার্থীকে ০৮-৬-২০১৬ তারিখ, বুধবার সকাল ০৯:০০টায় নামেম-এর প্রশাসনিক ভবনের নিচতলায় ওয়ান-স্টপ-সার্ভিস পয়েন্ট-এ রেজিস্ট্রেশন করতে হবে।

প্রাপক:
আঞ্চলিক উপপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা-

০৭

উপ-পরিচালক
আঞ্চলিক উপপরিচালকের দপ্তর
রাজশাহী অঞ্চল, সোনাদিঘীর মোড়, সাহেব
বাজার, রাজশাহী

প্রফেসর ড. আ ফ ম শফিকুর রহমান
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন)
নামেম, ঢাকা
ফোন: ৯৬৩৪৩৭৫
e-mail: info@naem.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:
(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষাভবন, ঢাকা (আমন্ত্রণপত্রসহ)
- ২-৫। পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/পবেষণা ও তথ্যায়ন/প্রশাসন ও অর্থ, নামেম, ঢাকা
- ৬। উপ-পরিচালক, প্রশিক্ষণ/প্রশাসন, নামেম, ঢাকা
- ৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা
- ৮-১০। হোস্টেল সুপারিনটেন্ডেন্ট, মুক্তিযোদ্ধা/সোনার বাংলা/শহীদ জননী হোস্টেল, নামেম, ঢাকা
- ১১। কম্পিউটার প্রোগ্রামার, নামেম (তাকে আমন্ত্রণপত্রটি নামেম-এর ওয়েব সাইটে দেয়ার অনুরোধ করা হলো)
- ১২। তথ্যায়ন কর্মকর্তা (চলতি দায়িত্ব), নামেম, ঢাকা
- ১৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নামেম, ঢাকা
- ১৪। অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-পরিচালকের কার্যালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রাজশাহী অঞ্চল, রাজশাহী

স্মারক নং: ০৫১/২(২): ১৬

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো।

০১। জেলা শিক্ষা অফিসার, রাজশাহী/নওগাঁ/বগুড়া/সিরাজগঞ্জ/পাবনা

(উপরোক্ত পত্রের নির্দেশ মোতাবেক ০১(এক) জন শিক্ষকের নাম ইমেইল যোগে অত্র দপ্তরে আগামী ২৯/০৫/১৬ খ্রি:

তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০২। অফিস কপি।

তারিখ: ২২/০৫/২০১৬

ড. শরমিন ফেরদৌস চৌধুরী
উপ-পরিচালক (ভারপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,
রাজশাহী অঞ্চল, রাজশাহী

২২/০৫/১৬